

বিষয়ঃ যৌন হয়রানি প্রতিরোধ কমিটির ৯ম সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব শেখ আসাদুজ্জামান উপমহাপরিদর্শক(চঃদাঃ)
তারিখ	: ১১ জুন ২০২৪
সময়	: বেলা ১০.৩০ ঘটিকা
সভার স্থান	: উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনা
সভায় উপস্থিতি	: পরিশিষ্ট "ক"তে সন্নিবেশিত হলো

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। যৌন হয়রানি প্রতিরোধ কমিটির ৯ম সভায় অংশগ্রহণকারীদের পরিচিতি পর্বের মাধ্যমে সভা আরম্ভ হয়। পরিচিতি পর্ব শেষে সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব জনাব রঞ্জু আহম্মেদ, শ্রম পরিদর্শক(সাঃ) বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন ও সিদ্ধান্তসমূহ নিয়ে কোন দ্বিমত না থাকায় তা দৃঢ়করণ করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধ সংক্রান্ত	(১)কারখানা/প্রতিষ্ঠানসমূহে কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন এবং তাদের কার্যক্রম তদারকি করা।	২০ জনের অধিক শ্রমিক নিয়োজিত এমন কারখানা ও প্রতিষ্ঠানে শ্রম বিধিমালা, ২০২২ অনুসারে ন্যূনতম পাঁচ সদস্যের যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন করার বিধান পালনে উৎসাহি করতে হবে। ইতোমধ্যে পাবনা ও নাটোর জেলার অন্তর্গত কিছু প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন করা হয়েছে এবং এসকল কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	কলকারখানা ও প্রতিষ্ঠানপরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়,পাবনা
	(২)কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধ কমিটির সদস্যদের আন্তরিকতা ও অধিকতর তৎপরতা।	১।পাবনা ও নাটোর জেলায় অবস্থিত সকল কারখানা ও প্রতিষ্ঠানে নিয়োজিত নারী শ্রমিকদের নির্বিঘ্ন কর্মপরিবেশ নিশ্চিত করতে যৌন হয়রানি প্রতিরোধ কমিটির সদস্যদের আন্তরিক ও অধিকতর তৎপর হতে হবে। ২।ব্রেস্ট ফিডিং কর্নার ও নারীদের জন্য ব্যবহৃত ওয়াশরুম যেন নিরাপদ হয় সেই দিকে নজরদারি বাড়াতে হবে।	কলকারখানা ও প্রতিষ্ঠানপরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়,পাবনা
	(৩)১৬৩৫৭ হেল্পলাইনে অভিযোগ দাখিলে উদ্বুদ্ধকরণ।	কোন শ্রমিক যদি কর্মক্ষেত্রে যৌন হয়রানির শিকার হয়ে তাহলে সে ডাইফ এর টোল ফ্রি হেল্প লাইন ১৬৩৫৭ এই নাম্বারে কল করে যেন অভিযোগ জানাতে পারে সে বিষয়ে প্রচারনা চালাতে হবে।	কলকারখানা ও প্রতিষ্ঠানপরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়,পাবনা ও কমিটির সদস্যবৃন্দ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



শেখ আসাদুজ্জামান  
উপমহাপরিদর্শক

ও

আহ্বায়ক

যৌন হয়রানী প্রতিরোধ কমিটি,  
উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনা।

ফোনঃ ০৭৩১-৬৪৭৭০

মেইলঃ digpabna@gmail.com

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
১১ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বরঃ ৪০.০১.৭৬০০.০০০.২৩.০০২.১৮. ১৫৭/১(২০)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জনাব মোঃ শাখাওয়াৎ হোসেন, শ্রম পরিদর্শক (সাঃ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, পাবনা।
- ২। জনাব চামেলী রীতা কস্তা, কমিউনিটি অরগানাইজার, ইয়ং ওমেন খ্রিস্টান এসোসিয়েশন, মিশন, পাবনা।
- ৩। জনাব মোঃ সাদেকুর রহমান, রিজিওনাল ম্যানেজার, জেডার জাস্টিস এন্ড ডাইভারসিটি প্রোগ্রাম, ব্র্যাক, ব্র্যাক লার্নিং সেন্টার, চক রামানন্দপুর, গাছপাড়া, পাবনা।
- ৪। জনাব রঞ্জু আহম্মেদ, শ্রম পরিদর্শক (সাঃ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, পাবনা।
- ৫। সকল শ্রম পরিদর্শক (অত্র কার্যালয়)
- ৬। অফিস কপি।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ২। যুগ্ম মহাপরিদর্শক, স্বাস্থ্য অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়।
- ৩। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়।
- ৪। উপমহাপরিদর্শক, স্বাস্থ্য অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়।



রঞ্জু আহম্মেদ  
শ্রম পরিদর্শক(সাঃ)

ও

সদস্য সচিব

যৌন হয়রানী প্রতিরোধ কমিটি,  
উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনা।